মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
এমআরএ ভবন
প্লট নং এফ-১৪-ডি/১, আগারগাঁও
শেরে বাংলা নগর (প্রশাসনিক এলাকা), ঢাকা-১২০৭

(একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত)

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩ / ১৩ জুলাই ২০২৬

এমআরএ/সার্কুলার লেটার নং-৮৫

প্রধান নির্বাহী কর্মকর্তা
ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (সকল)

বিষয়: সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্তদের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ, দুর্যোগকালীন ঋণ প্রদান ও অন্যান্য সহায়তাকরণ।

প্রিয় মহোদয়,

আপনারা অবগত আছেন যে, সাম্প্রতিক সময়ের অতিবৃষ্টিজনিত কারণে চট্টগ্রাম বিভাগের ৫টি জেলায় (চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান) ভয়াবহ বন্যা দেখা দিয়েছে এবং এসব অঞ্চলের ক্ষতিগ্রস্ত অসহায় মানুষজন সীমাহীন দুর্ভোগে দিনাতিপাত করছে। তদপ্রেক্ষিতে সদাশয় সরকার বিষয়টিকে সর্বাধিক গুরুত্ব দিয়ে কার্যকর বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানগুলো এ জাতীয় দুর্যোগ মোকাবেলায় ত্রাণ বিতরণ ও পুনর্বাসন কার্যক্রম পরিচালনাসহ বিভিন্ন কার্যকরী পদক্ষেপ গ্রহণের মাধ্যমে বরাবরই সরকারের সহায়ক হিসেবে অগ্রণী ভূমিকা পালন করে থাকে।

২। এ প্রেক্ষিতে আপনাদেরকে বর্ণিত জেলাসমূহসহ বন্যায় ক্ষতিগ্রস্ত অন্যান্য এলাকায় নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো:

(ক) বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকার স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক অসহায় মানুষের মাঝে ক্ষুদ্রঋণের উদ্বৃত্ত তহবিলের অর্থ ব্যয়ে জরুরী খাদ্য, বিশুদ্ধ পানি, ঔষধসহ ত্রাণ সামগ্রী বিতরণ ও বন্যা পরবর্তী পুনর্বাসন কাজে প্রয়োজনীয় সহায়তা অব্যাহত রাখা;

(খ) ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতাদের কিস্তি আদায় আগামী ৩ (তিন) মাস স্থগিতকরণ;

(গ) প্রয়োজনে দুর্যোগকালীন ঋণ প্রদান;

(ঘ) চাহিদা অনুযায়ী গ্রাহকের সঞ্চয় দ্রুততম সময়ের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থাকরণ;

(ঙ) উল্লিখিত দফা (ক) এ বর্ণিত ব্যয়ের কার্যোত্তর অনুমোদন গ্রহণের জন্য (ব্যয় বিষয়ে স্থানীয় প্রশাসনের প্রত্যয়ন ও সংশ্লিষ্ট অন্যান্য প্রমাণকসহ) অর্থ ব্যয়ের এক মাসের মধ্যে অথরিটিতে আবেদন দাখিলকরণ।

৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ আব্দুল মান্নান)
পরিচালক
লাইসেন্স, রেগুলেশন, পলিসি এন্ড ল বিভাগ
ফোন : ০২২২৩৩৭৪৮৭০
ইমেইল: abdul.mannan@mra.gov.bd

নম্বর-৫৩.০৪.০০০০.০০০.০২১.২২.০০৩.২৬-১২৭৬

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩ / ১৩ জুলাই ২০২৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ;
২. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা;
৩. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা;
৪. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৫. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা;
৬. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা;
৭. গভর্নর মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৯. মূখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (মূখ্য সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১১. পিএস টু এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, এমআরএ (ইভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য);
১২. অফিস কপি।

(মোঃ ফরিদুল হক)
যুগ্ম-পরিচালক